

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ২৫, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সীমান্ত-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১/২৯ মে ২০২৪

নং ৪৪.০০.০০০০.১১৬.০৪.০১১.১২-১০০—আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিজিবিতে প্রেষণে কর্মরত (সশস্ত্র বাহিনী/আধা-সামরিক/অসামরিক সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণ) অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তনের পর বীরত্বপূর্ণ/কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতি স্বরূপ পদকের ভূষণ ব্যবহারের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সীমান্ত-১ শাখার গত ০৬ জুলাই ২০১৪ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এর ক্রমিক ১০ নিম্নরূপে সংশোধন করা হলো :

“পদক প্রাপ্ত সদস্যগণ তাদের নামের শেষে পদকের ভূষণ (সংক্ষিপ্ত রূপ) যেমন: ‘বর্ডার গার্ড বাংলাদেশ পদক’ এর ক্ষেত্রে ‘BGBM’ (বিজিবিএম), ‘রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক’ এর ক্ষেত্রে ‘PBG M’ (পিবিজিএম), ‘বর্ডার গার্ড বাংলাদেশ পদক’-‘সেবা এর ক্ষেত্রে ‘BGBMS’ (বিজিবিএমএস) ও রাষ্ট্রপতি বর্ডার গার্ড পদক-সেবা এর ক্ষেত্রে ‘PBGMS’ (পিবিজিএমএস) লিখতে পারবেন। প্রেষণে আগত (সশস্ত্র বাহিনী/আধা-সামরিক/অসামরিক সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণ) পদক প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণ প্রেষণ শেষে অভিভাবক সংস্থায় প্রত্যাবর্তনের পরেও তাদের নামের শেষে উল্লিখিত ভূষণ লিখতে পারবে”।

(২০১৩৩)

মূল্য : টাকা ৪.০০

০২। উল্লেখ্য, এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সীমান্ত-১ শাখার গত ০৬ জুলাই ২০১৪ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এর অন্যান্য অনুসরণীয় পদ্ধতি/নিয়মাবলী বহাল থাকবে।

০৩। উক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩-০১-২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৭২.২২.০১৪.১৯.১২ সংখ্যক পত্রে সম্মতি রয়েছে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ ছালেহু আহাম্মদ
যুগ্মসচিব।